ফরিদপুরে আ. লীগের সহিংসতা, কৃষক দল নেতা নিহত



ছবি: সংগৃহীত

ফরিদপুরের ভাঙ্গায় হামলায় রাজু মোল্লা (৩০) নামে কৃষক দলের এক নেতা নিহত হয়েছেন। মঙ্গলবার (১৭ নভেম্বর) রাত ৯টার দিকে ফরিদপুর-বরিশাল মহাসড়কের হামিরদী বাসস্ট্যান্ড এলাকায় এ ঘটনা ঘটে।

রাজু মোল্লা ভাঙ্গা উপজেলা কৃষক দলের সহসাংগঠনিক সম্পাদক ছিলেন। তাঁর বাড়ি উপজেলার নুরুল্লাহগঞ্জ ইউনিয়নের বাকপুরা গ্রামে।

স্থানীয়দের বরাতে জানা গেছে, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা ওই এলাকায় হামলা চালিয়ে বেশ কয়েকটি ককটেল বিস্ফোরণ ঘটান। তিনটি মোটরসাইকেলে আগুন দেওয়ার পাশাপাশি হামিরদী ইউনিয়ন বিএনপির অস্থায়ী কার্যালয়েও ভাঙচুর করা হয়। এতে মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। সড়কের দুই পাশে প্রায় ১০ কিলোমিটার যানজট তৈরি হয়।

খবর পেয়ে ভাঙ্গা থানা পুলিশ ও বিএনপির নেতারা ঘটনাস্থলে যান। পরে হামলাকারীরা সেখান থেকে সরে যান। রাজু মোল্লাকে ভাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

হাসপাতালের চিকিৎসক তানজিরুল ইসলাম বলেন, রাজু মোল্লা নামে একজনকে হাসপাতালে আনা হলে পরীক্ষা করে তাঁকে মৃত পাওয়া যায়। নিহতের চাচা লিয়াকত মোল্লার অভিযোগ, আওয়ামী লীগের লোকজন তাঁর ভাতিজাকে হামলা করে হত্যা করেছে।

এদিকে এ ঘটনার প্রতিবাদে উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা মহাসড়কে অবস্থান নেন। তাঁরা এ ঘটনায় জড়িতদের শাস্তি দাবি করেন।